

## ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪১১

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২, প্রথম অনুচ্ছেদ - পাদুকা সম্পর্কীয় বর্ণনা

الْفَصلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَمْشِي أَحَدُكُمْ فِي نعلٍ واحدةٍ ليُحفيهُما جَمِيعًا أَو لينعلهما جَمِيعًا»

বাংলা

88১১-[৫] উক্ত রাবী [আবূ হুরায়রা (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ যেন এক পায়ে জুতা পরে না চলে। হয় উভয় পা খালি রাখবে নয় উভয় পায়ে জুতা পরবে। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ: বুখারী ৫৮৫৫, মুসলিম (২০৯৭)-৬৮, সহীহ ইবনু হিব্বান ৫৪৫৯, তিরমিয়ী ১৭৭৪, ইবনু মাজাহ ৩৬১৭, আল জামি'উস্ সগীর ১৩৭৪০, সহীহুল জামি' ৭৭৮২, সিলসিলাতুস্ সহীহাহ্ ৩৪৮, মুওয়াত্ত্বা মালিক ৩৩৯৪, মুসনাদে আহমাদ ৭৩৪৯, শু'আবুল ঈমান ৬২৭৫, আল মু'জামুল আওসাত্ব ৬৩২৫, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১১০৬।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ আলোচ্য হাদীসে একপায়ে জুতা পরে চলা নিষেধ হওয়ার হিকমাত হলো শারী'আতে জুতা পরিধান করার বিধান এসেছে, পা-কে জমিনের অনিষ্টতা থেকে বেঁচে রাখার জন্য। যখন এক পা খালি থাকবে তখন পথ চলা ব্যক্তি এক পা জমিনের অনিষ্টতা থেকে নিরাপদ রাখতে পারবে অন্যটি নয়। কেউ কেউ বলেন, এক পায়ে জুতা পরে চলার কারণে ব্যক্তি তাঁর নিজ অঙ্গ-প্রত্যঙ্গের প্রতি সুবিচার করতে পারে না তথা যথাযথ যত্ন নিতে পারে না। আল্লাহ তা'আলাই অধিক জানেন। ('আওনুল মা'বৃদ ৭ম খন্ড, হাঃ ৪১৩২)



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন